

অধ্যক্ষের কার্যালয়
রাঙামাটি সরকারি কলেজ
রাঙামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৭/০২/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির (বিজ্ঞান, মানবিক, ব্যবসায়শিক্ষা) ভর্তি কার্যক্রমের অনলাইনে আবেদনের প্রেক্ষিতে যারা ১ম, ২য় ও ৩য় পর্যায়ে সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক নির্বাচিত হয়েছে এবং যথাসময়ে Selection নিশ্চায়ন করেছে, তাদেরকে নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, অত্র কলেজের ওয়েবসাইট: www.rangamaticollege.gov.bd এবং নোটিশবোর্ডে মনোনীত শিক্ষার্থীদের তালিকা ও অন্যান্য তথ্য পাওয়া যাবে।

১) ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

আগামী ১৯/০২/২০২২ হতে ২৪/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে সোনালী ই-সেবা মোবাইল অ্যাপের HSC Fees মেনু থেকে Admission Fee সিলেক্ট করে অথবা <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে HSC Fees মেনু থেকে Admission Fee সিলেক্ট করে নির্ধারিত ভর্তি ফি জমাদানপূর্বক শিক্ষার্থীকে Payment Slip এর প্রিন্টকপি সংগ্রহ করতে হবে।

২) বিভাগভিত্তিক ভর্তি ফি:

গ্রুপ	ছাত্রদের জন্য	ছাত্রীদের জন্য	মন্তব্য
মানবিক/ব্যবসায় শিক্ষা	২৪২০/-	২৩৪০/-	
বিজ্ঞান	২৬৪০/-	২৫৬০/-	

৩) আবেদন ফরম পূরণপূর্বক নিজেই কলেজে উপস্থিত হয়ে ভর্তির তারিখ:

তারিখ ও সময়	গ্রুপ	জমাদানের স্থান
২০/০২/২০২২ এবং ২২/০২/২০২২ (সকাল ১০:০০ - বেলা ১২:৩০ টা)	বিজ্ঞান	কক্ষ নম্বর: ১১৩ (একাডেমিক ভবনের নিচ তলা)
	মানবিক	কক্ষ নম্বর: ২০৬ (একাডেমিক ভবনের দ্বিতীয় তলা)
	ব্যবসায় শিক্ষা	কক্ষ নম্বর: ২০৭ (একাডেমিক ভবনের দ্বিতীয় তলা)

৪) কলেজ কর্তৃক সরবরাহকৃত ভর্তি ফরম পূরণপূর্বক নিম্নে উল্লেখিত সকল কাগজপত্র জমা দিতে হবে-

- ১। অনলাইনে ফলাফল বিবরণী- ১কপি এবং ভর্তি ফি পরিশোধের Pay Slip এর প্রিন্টকপি;
- ২। শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদপত্র এর ফটোকপি;
- ৩। সদ্য তোলা রাত্ন ছবি পাসপোর্ট সাইজ- ৩ কপি এবং স্ট্যাম্প সাইজ- ২ কপি;
- ৪। পিতা ও মাতার NID কার্ডের ফটোকপি;
- ৫। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে- মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি- ১ কপি জমা দিতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য দাবীর সমর্থনে অতিরিক্ত হিসেবে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ফটোকপি- ১কপি জমা দিতে হবে।

বিঃংবঃ এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট এবং মূল প্রশংসাপত্র কলেজে জমাদানের তারিখ বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানানো হবে।

(প্রফেসর তুষার কাস্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙামাটি সরকারি কলেজ
রাঙামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙামাটি।
- ২। আহবায়ক, একাদশ ভর্তি কমিটি (২০২১-২০২২ শিক্ষাবর্ষ), অত্র কলেজ, রাঙামাটি।
- ৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙামাটি।
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙামাটি।
- ৫। সংরক্ষণ নথি।

১৭/০২/২০২২